চুয়াডাঙ্গায় ভ্রাম্যমান আদালতের অভিযান জরিমানা আদায়

চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোহাম্মদ সাদিকুর রহমান চুয়াডাঙ্গা পৌরসভার সহ বিভিন্ন এলাকায় অভিযান পরিচালনা করে স্বাস্থ্যবিধি না মানা এবং বিনা প্রয়োজনে ঘর থেকে বাহির হবার অপরাধে দুইটি প্রতিষ্ঠানকে জরিমানা আওতায় এনেছে।

শুক্রবার বেলা সাড়ে বারোটার সময় চুয়াডাঙ্গা সরকারি কলেজ রোড, আলুকদিয়া বাজার, আকন্দবাড়ীয়া, ভালাইপুর মোড় এলাকায় মোবাইল কোর্ট পরিচালনা করে স্বাস্থ্যবিধি না মানার অপরাধে দন্ডবিধি ১৮৬০ এর ১৮৮ ধারায় ২টি প্রতিষ্ঠানকে সর্বমোট দুই হাজার পাঁচশত টাকা মাত্র অর্থদন্ড প্রদান করেন।

এসময় চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোঃ সাদিকুর রহমান সরকার ঘোষিত শাটডাউনের কর্মহীন হয়ে পড়া মানুষের মাঝে মাস্ক ও খাবার বিতরণ করেন। মোবাইল কোর্ট পরিচালনায় সময় উপস্থিত ছিলেন বিজিবি একদল চৌকস টিম সহ ও পেশকার । জনস্বার্থে এ অভিযান চলতে থাকবে বলে জানিয়েছেন চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহি অফিসার।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিস এর এক কর্মকর্তার মৃত্যু

দামুড়হুদা উপজেলার নির্বাহী অফিসের কার্যালয় এক কর্মকর্তার মৃত্যু মোঃ জিন্নাত আলী (৫২) শুক্রবার সকাল আটার সময় মৃত্যুবরণ করেন। তার মৃত্যুতে এলাকায় নেমে আসে শোকের ছায়া দামুড়হুদা উপজেলা কার্পাসডাঙ্গা ইউনিয়নের জাহাজপোতা গ্রামের মৃত কেসমত মণ্ডলের ছেলে।

তিনি তার দীর্ঘ কর্মজীবনে একজন অত্যন্ত ধর্মভীরু কর্তব্যপরায়ণ আন্তরিকতা, একাগ্রতা ও আনুগত্যের সাথে দায়িত্ব পালন করেছেন। তার মৃত্যুতে উপজেলা পরিবারের পক্ষ থেকে গভীর শোক প্রকাশ ও তার আত্নার মাগফিরাত কামনা করছেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সুদিপ্ত কুমার সিংহ সহ সংশ্লিষ্ট অফিসের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

মেহেরপুর ডিবি অভিযানে হেরোইনসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার দারিয়াপুর এলাকায় অভিযান চালিয়ে হেরোইনসহ শাওন আলী হোসেন (৩৭) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশের একটি দল। শুক্রবার দুপুরে ৫ গ্রাম হেরোইনসহ তাকে আটক করা হয়।

আটক শাওন আলী দারিয়াপুর ঘোষপাড়া পাড়ার খোকন আলীর ছেলে।

মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের ওসি জুলফিকার আলী জানান, গোপন সূত্রে খবর পেয়ে মুজিবনগর উপজেলার দারিয়াপুর এলাকায় এস আই (নি:) রুবেল আহমেদ এর নেতৃত্বে এএসআই (নি:) হেলাল উদ্দীন ও এএসআই (নি:) ইব্রাহিম বিশ্বাস সহ সঙ্গীয় ফোর্স অভিযান পরিচালনা করে শাওন আলীকে হোসেনকে আটক করা হয়। এসময় তার কাছ থেকে ৫ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়।

তার বিরুদ্ধে মুজিবনগর থানায় নিয়মিত মামলা রুজু হয়েছে। তার বিরুদ্ধে আরও একটি মাদকের মামলা বিচারাধীন আছে।

কুষ্টিয়ায় বাসদের উদ্যোগে করোনা হেল্পডেস্ক

করোনায় আক্রান্তদের বিনামূল্যে নানা সহায়তায় চালু করা হয়েছে ‘হেল্প ডেস্ক’। তারা করোনায় আক্রান্ত রোগীদের জন্য নানান সেবা চালুর ঘোষণা দিয়েছেন। বাংলাদেশ সমাজতান্ত্রিক দল (বাসদ) কুষ্টিয়া জেলা শাখা করোনাকালীন এই সময়ে এবং লকডাউনে মানবিক সহায়তায় এগিয়ে এলো।

শুক্রবার বিকেলে কুষ্টিয়া জেলা শাখার উদ্যোগে সংগঠনের কার্যালয়ে করোনা হেল্প ডেস্ক আনুষ্ঠানিক ভাবে চালু করা হয়। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাসদ কুষ্টিয়া জেলা কমিটির আহ্বায়ক কমরেড শফিউর রহমান শফি।

অনুষ্ঠানে বাসদ কুষ্টিয়া জেলা কমিটির সদস্য কমরেড আশরাফুল ইসলাম, সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের সাবেক নেতা বিশ্বজিৎ সাহা শন্টু, জাতীয় সমাজতান্ত্রিক দল জাসদ কুষ্টিয়া জেলা শাখার প্রচার ও প্রকাশনা সম্পাদক কারশেদ আলমসহ বাসদ কুষ্টিয়া জেলা কমিটি নেতৃবৃন্দ ও সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

বাসদ নেতৃবন্দ বলেন, করোনার দ্বিতীয় ঢেউয়ে কুষ্টিয়ায় করোনা আক্রান্ত রোগী বাড়ছেই। এ সংকট মোকাবেলায় বাসদ কুষ্টিয়া জেলা শাখা করোনা রোগীদের পাশে দাঁড়ানোর জন্য পরিকল্পনা নিয়েছে।

জেলা বাসদের আহবায়ক কমরেড শফিউর রহমান শফি বলেন, করোনায় আক্রান্ত রোগীদের সহায়তায় বিনামূল্যে চিকিৎসা পরমর্শ, ওষুধ, অক্সিজেন সরবরাহ করবেন তারা। এজন্য রোববার থেকে একটি ‘হেল্প ডেস্ক’ চালু করা হয়েছে।

০১৩০৪৯১৪৩৪৮, ০১৯১৭৮১৭৪৪৭, ০১৬২৫৮২২৯৬৪ নম্বরে কল করে যে কেউ এ সহায়তা নিতে পারবেন।

কুষ্টিয়ায় হেরোইনসহ নারী আটক

কুষ্টিয়ায় র্যাবের অভিযানে হেরোইনসহ তানজিলা খাতুন (৩০) নামে এক মহিলা মাদক ব্যবসায়ী আটক করা হয়েছে। শুক্রবার বেলা দেড়টার সময় কুষ্টিয়া পৌরসভার কালীশংকরপুর সোনার বাংলা মোড়ের মিন্টু স্টোরের সামনে থেকে তাকে আটক করা হয়।

আটককৃত তানজিলা খাতুন কুষ্টিয়া শহরের আড়ুয়াপাড়ার মৃত ফরিদ আলীর স্ত্রী। সে বর্তমানে শহরতলির মোল্লাতেঘরিয়ার জনৈক মোঃ আসাদের বাড়িতে ভাড়া থাকতো।

র্যাব জানায়, র্যাব-১২, সিপিসি-১, কুষ্টিয়া র্যাব ক্যাম্পের একটি আভিযানিক দল এদিন কালীশংকরপুর এলাকায় একটি মাদক বিরোধী অভিযান পরিচালনা করে। অভিযানে মহিলা মাদক ব্যবসায়ী তানজিলা খাতুনকে আটক করে। এ সময় তার কাছ থেকে ১৩ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়।

উদ্ধারকৃত হেরোইনের আনুমানিক মূল্য বায়ান্ন হাজার টাকা। পরে উদ্ধারকৃত আলামতসহ তাকে কুষ্টিয়া সদর থানায় সোপর্দ করে একটি মাদক মামলা দায়ের করা হয়েছে।

মেহেরপুরে আরও ৩৫ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আরও ৩৫ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদর উপজেলায় ২১ জন, গাংনীতে ০৩ জন এবং মুজিবনগরে ১১ জন।

শুক্রবার রাতে মেহেরপুরের সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ১৩৭টি। তারমধ্যে ৩৫ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৫৫৭ জন। তার মধ্যে সদরে ২০৪ জন, গাংনীতে ২৩৩ জন এবং মুজিবনগরে ১২০ জন।

এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ৫৫ জন। মৃতদের মধ্যে সদরে ২০ জন, গাংনী ২২ জন ও মুজিবনগরে ১২ জন।

এসময় তিনি সবাইকে সামাজিক দূরত্ব, নিয়মিত সাবান-পানি দিয়ে হাত ধোবার অভ্যাস, মাস্ক ব্যবহার, জন সমাগম এড়িয়ে এবং হাঁচি-কাশির শিষ্ঠাচার ও স্বাস্থ্যবিধি মেনে চলার আহবান জানান।

মুজিবনগরে লকডাউনের ২য় দিনে কঠোর অবস্থানে প্রশাসন

মুজিবনগরে লকডাউনের ২য় দিনেও প্রশাসনের কঠোর ভূমিকা পালন করতে দেখা গেছে। শুক্রবার দুপুরে রাস্তায় রাস্তায় ব্যারিকেড, ভ্রাম্যমাণ আদালতে জরিমানা করতে দেখা যায়। করোনাভাইরাস সংক্রমন ব্যাপক ভাবে বৃদ্ধি পাওয়ায় গতকাল বৃহস্পতিবার ভোর ৬ টা থেকে সারা দেশব্যাপী কঠোর লকডাউন কার্যকর করতে অভিযান শুরু হয়।

সকাল থেকেই মাঠে নেমেছে বিজিবি, পুলিশ, ব্যাটেলিয়ন আনসার। এছাড়া উপজেলার বিভিন্ন স্থানে বসানো হয়েছে পুলিশী চেকপোস্ট।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুজন সরকারের নেতৃত্বে আনসার ব্যাটেলিয়নের একটি টিম বিভিন্ন স্থানে অভিযান চলমান পরিচালনা করেছে।
এছাড়া সকালে বিজিবি এর একটি টিমকে উপজেলার কেদারগঞ্জ বাজার সহ বিভিন্ন স্হানে অভিযান পরিচালনা করতে দেখা গেছে।
উল্লেখ্য, গত চার দিনে মুজিবনগর উপজেলায় ৩৪ জন করোনায় আক্রান্ত হয়েছে এবং ২ জন মৃত্যু বরণ করেছে।

মেহেরপুরে বিএনপি নেতা মতিয়ার রহমানের মৃত্যু

মেহেরপুর জেলা বিএনপির উদদেষ্টা সদস্য গোভীপুর গ্রামের বাসিন্দা ও আমঝুপি ইউনিয়নের সহকারী ভূমি কর্মকর্তা নওজেশ আলীর শ্বশুর মতিয়ার রহমান ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

বৃহস্পতিবার রাত ১২ টার দিকে তিনি স্ট্রোক করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি হলে চিকিৎসাধীন অবস্থায় কিছুক্ষন পর মৃত্যুবরণ করেন। তিনি স্ত্রী, ২ ছেলে, ১ মেয়ে, নাতি-নাতনিসহ অসংখ্যা গুণাগ্রাহী রেখে গেছেন।

মরহুমের পারিবারিক সূত্রে জানা গেছে, আজ শুক্রবার সকাল ১০টা ২০ মিনিটে গোভীপুর দাখিল মাদ্রাসা প্রাঙ্গনে জানাযা শেষে স্থানীয় কবরস্থানে দাফন করা হবে।

আলমডাঙ্গায় সর্প দংশনে ২ সন্তানের জননীর মৃত্যু

আলমডাঙ্গার পাইকপাড়ায় সর্পদংশনে ২ সন্তানের জননীর মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার সকাল ১১ টার দিকে এ ঘটনাটি। পরিবারের লোকজন উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

মৃত মহিলা রোজিনা খাতুন পাইকপাড়া গ্রামের কাউসার আহমেদের স্ত্রী। জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার পাইকপাড়া গ্রামের কাউসার আলির স্ত্রী সকালে শ্যালো মেশিন ঢাকতে যায়।

এ সময় শ্যালো মেশিনের নিকট থাকা বিষধর সাপ তাকে দংশন করে। দ্রুত পরিবারের লোকজন তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেওয়ার সময় পথের মধ্যে তার মৃত্যু হয়। একই দিন বিকেলে মৃত রোজিনার দাফন সম্পন্ন

হয়।

কুষ্টিয়ায় কোভিড-১৯ রোধে পুলিশ, সেনাবাহিনী, বিজিবি, র্যাব ও আনসার ডিপ্লয়মেন্ট বিষয়ে সমন্বয় সভা অনুষ্ঠিত

কুষ্টিয়ায় (কোভিড-১৯) করোনা ভাইরাস রোধে পুলিশ, সেনাবাহিনী, বিজিবি, র্যাব ও আনসার ডিপ্লয়মেন্ট বিষয়ে সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (১ জুলাই) সকাল সাড়ে ১০ টায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলামের সভাপতিত্বে এসম বক্তব্য রাখেন কুষ্টিয়ার পুলিশ সুপার মোঃ খাইরুল আলম, সেনাবাহিনীর লেঃ কর্নেল মোঃ ইয়াসিন সারোয়াত, বিজিবি’র লেঃ কর্নেল মোর্শেদ, এনএসআই জয়েন্ট ডিরেক্টর মোঃ ইদ্রিস আলী, মেজর মাহফুজুর রহমান সহ জেলা প্রশাসনের ম্যাজিস্ট্রেটবৃন্দ।

জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম বলেন, জেলায় প্রতিদিনই করোনারোগী বাড়ছে। করোনা সংক্রমণ ঠেকাতে নিরাপদ শারীরিক দূরত্ব বজায় রাখা ও বাধ্যতামূলকভাবে মাস্কের ব্যবহার নিশ্চিত করা এবং লকডাউন কঠোরভাবে মেনে চলতে হবে। তিনি করোনা ভাইরাস প্রতিরোধে সরকারের পাশাপাশি সবাইকে সহযোগিতা করার আহ্বান জানান।

বিশেষ অতিথি পুলিশ সুপার মোঃ খাইরুল আলম বলেন জেলা পুলিশ কুষ্টিয়া বিগত ১০ দিন কুষ্টিয়াতে যে ভাবে সর্বাত্মক লকডাউন বাস্তবায়ন করেছে ঠিক একই ভাবে সেনাবাহিনী,বিজিবি, র্যাব, আনসার ও ম্যাজিস্ট্রেটদের সাথে সুসমন্বের মাধ্যমে লকডাউন সঠিক ভাবে বাস্তবানের জন্য তৎপর থাকবে। এ ক্ষেত্রে জেলা পুলিশ কুষ্টিয়ার সকল সিনিয়র অফিসার মাঠে থেকে প্রত্যক্ষভাবে ডিউটি তদারকির মাধ্যমে সাধারণ লোকদের লকডাউন বাস্তবায়নে বাধ্য করবে।